

১৭ ডিসেম্বর ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

উন্নত প্রযুক্তির বিকাশে এবং প্রচারে আহ্ছানউল্লা বিশ্ববিদ্যালয় অবদান রেখে যাবে: ড.
ফাজলী ইলাহী



আহ্ছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ ফাজলী ইলাহী বলেছেন, উন্নত প্রযুক্তির বিকাশে ও প্রচারে এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার কাল থেকে কাজ করে যাচ্ছে এবং প্রযুক্তির কল্যাণে ভবিষ্যতেও কাজ করে যাবে। আগামী ১৯ ডিসেম্বর থেকে ২১ ডিসেম্বর ২০২০ তিন দিনব্যাপী আন্তর্জাতিক IEEE এর স্বনামধন্য the 23rd International Conference on Computer & Information Technology (ICCIT) 2020 আয়োজন করতে যাচ্ছে আহ্ছানউল্লা বিশ্ববিদ্যালয়, এই সম্মেলন উপলক্ষে বৃহস্পতিবার, ১৭ ডিসেম্বর এক সংবাদ সম্মেলনে এ সব কথা বলেন তিনি। সংবাদ সম্মেলনটি জুম অ্যাপসের মাধ্যমে অনুষ্ঠিত হয়। ১৯ ডিসেম্বর ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী মোস্তাফা জব্বার আন্তর্জাতিক সম্মেলনটি উদ্বোধন করবেন।

প্রফেসর ড. ফাজলী ইলাহী আরো বলেন, এই সম্মেলনের মাধ্যমে দেশের ও আন্তর্জাতিক পর্যায়ের বিজ্ঞানী, অধ্যাপক ও আইসিটি বিশেষজ্ঞরা অংশগ্রহণ করবেন এবং তারা প্রযুক্তির বিভিন্ন দিক নিয়ে আলোচনা করবেন। যা প্রযুক্তির কল্যাণে সহায়ক হবে।

সংবাদ সম্মেলনে সম্মেলন সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। সম্মেলন সম্পর্কে বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং ফ্যাকাল্টির ডিন প্রফেসর ড. আবদুর রহিম মোল্লা, আইসিটি সেন্টারের ডিরেক্টর প্রফেসর ড. কাজী এ. কল্লমা বিস্তারিত তথ্য তুলে ধরেন। এতে বিভিন্ন গণমাধ্যমের সাংবাদিকরা অংশগ্রহণ করেন।